<u>অতীব জরুরী</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫
www.banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১২৪.২৬/৭৮৪(ক)

তারিখ: ০২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৬ এর আওতায় Online Software ব্যবহার করে তথ্য প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) পরিচালিত বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৬ এর আওতায় প্রতিবছরের ন্যায় এ বছরও Online Software ব্যবহারের মাধ্যমে দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী ***<u>০১ অক্টোবর ২০২৬ হতে ৩১ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত সম্পূর্ণ ডিজিটাল প্রক্রিয়ায় সমগ্র দেশব্যাপী একযোগে</u>*** পরিচালিত হবে।

২। EIINভুক্ত প্রাথমিকোত্তর স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ জরিপে Online Software ব্যবহারের মাধ্যমে তথ্য প্রদানের ক্ষেত্রে ব্যানবেইস এর ওয়েবসাইট (<u>www.banbeis.gov.bd</u>)-এ প্রবেশ করে ***শিক্ষা জরিপ ২০২৬*** মেনুতে ক্লিক করে User ID হিসেবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এবং প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নাম্বারে এসএমএস-এর মাধ্যমে প্রেরিত পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করবে। উল্লেখ্য, জরিপ চলাকালীন প্রতিবার লগইন-এর ক্ষেত্রে একই পাসওয়ার্ড প্রযোজ্য হবে। পাসওয়ার্ডসহ জরিপ সংক্রান্ত যেকোন সমস্যা সমাধানের জন্য প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট জেলায় দায়িত্বপ্রাপ্ত সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই, ব্যানবেইস এর সাথে যোগাযোগ করবেন। জেলাস্থ সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসাগণের নিকট প্রেরিত চিঠি এবং সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই, ব্যানবেইস এর দায়িত্বপ্রাপ্ত জেলার অফিস আদেশটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৩। বর্ণিতাবস্থায়, জেলা সমন্বয়কারী হিসেবে Online Software ব্যবহার করে জেলার সকল প্রাথমিকোত্তর স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের নির্ভুল তথ্য নির্ধারিত তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ক) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের জন্য প্রেরিত চিঠি;
খ) সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই, ব্যানবেইস এর দায়িত্বপ্রাপ্ত জেলার অফিস আদেশ;
গ) প্রতিষ্ঠান প্রধানের চিঠি।

১৭/০৯/২০২৬

(প্রফেসর রুনা নাছরীন)
চীফ, পরিসংখ্যান বিভাগ
ফোন: +৮৮-০২- ৪১০৬০৭১৫
E-mail: chief_stat@banbeis.gov.bd

জেলা শিক্ষা অফিসার (সকল)
................................ জেলা।

<u>সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৫। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৭। পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৮। পরিচালক (পরিসংখ্যান), বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৯। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ...............................অঞ্চল;
১০। উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ...............................অঞ্চল;
১১। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ...............................অঞ্চল;
১২। প্রোগ্রামার-১, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৩। অফিস নথি।